



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখ : ২২/১০/২০১৮খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে সড়ক নিরাপত্তা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে র্যালি অনুষ্ঠিত

২২ অক্টোবর “জাতীয় নিরাপদ সড়ক দিবস-২০১৮” উপলক্ষ্যে সড়কে নিরাপত্তার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের উদ্যোগে এক বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়েছে। রোভার স্কাউট গ্রুপের গ্রুপ সম্পাদক মার্কেটিং বিভাগের শিক্ষক মোঃ মহিউদ্দিন সাব্বির এর নেতৃত্বে অনুষ্ঠিত র্যালিতে রোভার স্কাউটের লিডারবৃন্দসহ অন্যান্য সদস্য ও বিভিন্ন বিভাগের সাধারণ শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। র্যালিতে শিক্ষার্থীরা সড়কে সচেতনতা বিষয়ক বিভিন্ন প্লেকার্ড, ব্যানার, ফেস্টুন ও স্টিকার বহন করে। ক্যাম্পাসের প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে র্যালিটি পার্শ্ববর্তী মহাসড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় ক্যাম্পাসে এসে শেষ হয়। ইতোপূর্বেও বিভিন্ন জনসচেতনামূলক কর্মকাণ্ডে বরিশাল বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ নিজেদেরকে সম্পৃক্ত রাখতে সদা সচেষ্ট ছিল।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস